

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)
পল্লী ভবন
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩- ৫০৭

তারিখঃ ১২ এপ্রিল, ২০২৩

অফিস আদেশ


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো ২য় পর্যায়) এর আওতায় ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ প্রদানের সুযোগ রয়েছে। প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকায় ৫.১৯ ও ৫.২৭ এ সদস্যদের সঞ্চয় জমার ক্ষেত্রে নিম্নোক্ত বিধানাবলী অনুসরণ করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে :

ক্ষুদ্র ঋণের ক্ষেত্রে	
ঋণের পরিমাণ	মাসিক সঞ্চয় জমার পরিমাণ
৩০,০০০ টাকা পর্যন্ত	৮০ টাকা
৩০,০০১ টাকা থেকে ৫০,০০০ টাকা পর্যন্ত	১০০ টাকা
৫০,০০১ টাকা থেকে ৭৫,০০০ টাকা পর্যন্ত	১২০ টাকা
৭৫,০০১ টাকা থেকে ১,০০,০০০ টাকা পর্যন্ত	১৬০ টাকা
উদ্যোক্তা ঋণের ক্ষেত্রে	
১,২৫,০০১ টাকা থেকে ২,০০,০০০ টাকা পর্যন্ত	৩০০ টাকা
২,০০,০০১ টাকা থেকে ৩,৫০,০০০ টাকা পর্যন্ত	৪০০ টাকা
৩,৫০,০০১ টাকা থেকে ৫,০০,০০০ টাকা পর্যন্ত	৫০০ টাকা

কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, সঞ্চয় জমাকরণ সংক্রান্ত নির্দেশনার ব্যতয় ঘটিয়ে এককালীন সঞ্চয় জমা করে ঋণ প্রদান করা হয়। যার ফলে প্রকল্পের সুনির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে বাধাগ্রস্ত হচ্ছে। এ ক্ষেত্রে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত ঋণ প্রদানের ক্ষেত্রে মাসিক ভিত্তিতে সদস্য কর্তৃক নির্ধারিত হারে সঞ্চয় জমাকরণের বিষয়টি নিশ্চিত করার জন্য বলা হলো। অন্যথায় সংশ্লিষ্ট সদস্য ঋণী সদস্য হিসেবে যোগ্য বলে বিবেচিত হবেন না। অর্থাৎ ঋণ বিতরণ করা যাবেনা।

২। আদেশ জারির তারিখ হতে ক্ষুদ্র/উদ্যোক্তা ঋণ বিতরণের ক্ষেত্রে উক্ত নির্দেশনা প্রযোজ্য হবে।

৩। প্রকল্প/কর্মসূচির স্বার্থে এ আদেশ জারি করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. এআরডিও/হিসাব সহকারী/মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলা:-----, জেলা:-----।
(প্রকল্পভুক্ত সকল উপজেলা)
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা:-----জেলা:-----।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলা:-----। (প্রকল্পভুক্ত সকল জেলা)

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন/অর্থ/সরেজমিন/পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।